

26824 - নতুন চাঁদ দেখার ক্ষেত্রে যার কথা গ্রহণযোগ্য কে সেই আদল ব্যক্তি

প্রশ্ন

প্রশ্ন: আমি (1584) নং প্রশ্নের উত্তরে পড়েছি যে, রমজান মাসের শুরু প্রমাণিত হওয়ার ক্ষেত্রে একজন আদল ও ছিকা ব্যক্তির চাঁদ দেখা যথেষ্ট। সে আদল ব্যক্তির পরিচয় কি?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। আদল(لْعَدْلُ) এর শান্তিক অর্থমুস্তাকীম(সরল, সোজা)। এটিবক্তৃতার বিপরীত।

শরিয়তের পরিভাষায়: আদলহলেন সেই ব্যক্তি যিনি সমস্ত ফরজ পালন করেন, কোন কবিরা গুনাতে লিঙ্গ ননএবং পর্যুপরিসংগ্রহ গুনাতেও লিঙ্গ নন।

ফরজপালনকরার অর্থহল- ফরজ ইবাদতসমূহ আদায় করা। যেমন পাঁচ ওয়াক্ত নামায। কবিরাগুনাহনাকরার অর্থ-নামিমাহ (চোগলখুরী), গিবত (অপরের অগোচরে পরিনিন্দা) ইত্যাদি কবিরা গুনাহ না করা। সেই ব্যক্তির মধ্যে আদল হওয়ার সাথে সাথে আরোয়ে শর্ত থাকতে হবে তা হলো:

সেই ব্যক্তির দৃষ্টিশক্তি প্রথর হতে হবে। যাতে করে তার দাবীর সত্যতার পক্ষে সম্ভাবনা বেশি থাকে। দৃষ্টিশক্তি দুর্বল হলে আদল হওয়া সত্ত্বেও তার সাক্ষ্য গ্রহণযোগ্য হবে না। কারণ দৃষ্টিশক্তি দুর্বল হওয়ায় তার সাক্ষ্যত্বল হওয়ার সম্ভাবনা অধিক। এই শর্তটির পক্ষে দলীলহলো- আল্লাহ তাআলা কোন কাজের দায়িত্ব দেয়ার জন্য শক্তি ও আমনতদারিতাকে উপযুক্ত বৈশিষ্ট্য হিসেবে বিবেচনাকরেছেন। মুসা আলাইহিস্সালামের সাথে মাদইয়ানের (এক বৃন্দ) অধিবাসীর কাহিনীতে তার দুই মেয়ের একজন বলেছিলেন:

يَا أَبْتَ اسْتَأْجِرْهِ إِنْ خَيْرٌ مِّنْ اسْتَأْجِرْتِ الْقَوِيِّ الْأَمِينِ ۝ [28] القصص : 26]

“আবু, ইনাকে পারিশ্রমিকের বিনিময়ে কাজে নিয়োগ করুন। পারিশ্রমিকের বিনিময়ে কারও থেকে কাজ নিতে চাইলে এমন ব্যক্তিই উত্তম যে শক্তিশালী ও আমনতদার।” [২৮ সূরা আল-কাসাস: ২৬] ইফরিত নাম্মী যে জিনসাবা রাজ্যের রানীর সিংহসন উঠিয়ে আনার প্রতিশ্রুতি দিয়েছিলসেবলেছিল:

وَإِنِّي عَلَيْهِ لَقَوِيٌّ أَمِينٌ ۝ [27] النمل : 39]

“এবং নিশ্চয়ই আমি এ ব্যাপারে শক্তিবান ও আমনতদার।” [২৭ সূরা আন নাম্ল: ৩৯]

তাই(শক্তি ও আমানতদারিতা) এবুইটি গুণ থাকা যেকোন দায়িত্বপ্রাপ্তিরপ্রধান দুটি শর্ত। সাক্ষ্যপ্রদানও এমনি একটি গুরু দায়িত্ব। [আশ-শার্হ আল-মুমতি' (৬/৩২৩)]আরওজানতেদেখুনআল-মুসূ'আহআল-ফিকহিয়াহ (ফিকহীএনসাইক্লোপিডিয়া) (৫/৩০),

প্রকাশনায়: কুয়েত।